উপভোক্তা সুরক্ষা সপ্তাহ

ফ্ল্যাট বিক্রির নামে প্রতারণা, সতর্ক করলেন মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

বিজ্ঞাপন দিয়ে অগ্রিম নেওয়া হচ্ছে। তারপর আর ফ্ল্যাট পাচ্ছেন না উপভোক্তারা। অনলাইনে খাবারের অর্ডার নেওয়া হচ্ছে, অথচ খাবারের দেখা নেই। খোদ সিএমও গ্রিভান্স সেলেই আসছে এমন একাধিক অভিযোগ। উপভোক্তাদের সতর্ক করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহের উদ্বোধনে মঙ্গলবার নিউ মার্কেটে এসেছিলেন তিনি। রাজ্যের উপভোক্তা বিষয়ক দপ্তরের উদ্যোগে এই কর্মসূচি হয়। মুখ্যমন্ত্রী জানান, ফ্ল্যাট প্রতারণা যেভাবে হচ্ছে, অবাক করার মতো। জনতার দরবারে, সিএমও–র গ্রিভান্স সেলে আসছে এমন অনেক অভিযোগ। বিজ্ঞাপন দিয়ে অগ্রিম নিয়ে ফ্ল্যাট বুকিংএর নামে প্রতারণা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী এদিন বলেন, ক্রেতাকে সুরক্ষিত, বিক্রেতাকে প্রশিক্ষিত করতে এবং ২০১৯–এর আইন সম্পর্কে জানাতে উপভোক্তা বিষয়ক দপ্তর অন্যতম গুরুত্বপূর্ণ বলে জানান তিনি।

‘উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহ’ উদ্বোধনে রাজ্যের উপভোক্তা বিষয়ক দপ্তরের তরফে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে ডোকরার দুর্গামূর্তি দিয়ে স্বাগত জানানো হল। রয়েছেন উপভোক্তা বিষয়ক দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ। নিউ মার্কেট প্রাঙ্গণে, মঙ্গলবার। ছবি: আজকাল

অনলাইন খাবার ডেলিভারির নামেও যে প্রতারণা চলছে এদিন সে কথাও জানান মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী জানান, বিধাননগর পুলিশ কমিশনারেট দশ দিন আগে নিউ টাউনের একটি ঘরে তল্লাশি চালিয়ে এমনই একটি চক্রকে ধরেছে। ১২০ জন গ্রেপ্তার হয়েছে।

এদিন মূল্যবৃদ্ধি নিয়েও কথা বলেন মুখ্যমন্ত্রী। বলেন, ‘ধান এ রাজ্যে উদ্বৃত্ত। তাই চালের দাম বাড়ার তো কথা নয়। তাঁর মতে, সবজি ও চিনির দাম বেড়েছে। এই দাম রিটেলে গোটা দেশেই বেড়েছে। পদক্ষেপ করার পর দাম কিছুটা কমেছে।’ পাশাপাশি তিনি জানিয়েছেন, মিষ্টি, সবজিতে বিষাক্ত রং মেশানো ঠেকাতে কড়া ব্যবস্থা নেওয়া হচ্ছে। দপ্তরের আধিকারিক, ফুড ইনস্পেক্টর, ইবি, এসিবি মিলিত ভাবে উপভোক্তাদের সুরক্ষা সংক্রান্ত সমস্যাগুলির ওপর নজর রাখছে। তিনি জানান, উপভোক্তা অধিকার সুরক্ষা সপ্তাহ জুড়ে বাউল গান, পথনাটিকা, লিফলেট বিতরণ করা হবে। পাশাপাশি সংশ্লিষ্ট আধিকারিকরা বিভিন্ন বাজারে গিয়ে ওজন এবং পরিমাণ মাপের ভাউচার পরীক্ষা করে দেখবেন। রাস্তায় ট্যাবলো বেরোবে, স্টল বসবে।

এদিন অনুষ্ঠানে ছিলেন উপভোক্তা বিষয়ক দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ, দপ্তরের সচিব ড. রশ্মি কমল, কলকাতা পুরসভার প্রশাসক স্মিতা পান্ডে, বিধায়ক রিতেশ তিওয়ারি ও বিজেপি উত্তর কলকাতার সাংগঠনিক জেলা সভাপতি তমোঘ্ন ঘোষ। মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ জানান, উপভোক্তারা প্রতারিত হলে ১৮০০৩৪৫২৮০৮ –এ অভিযোগ জানাতে পারবেন। প্রয়োজনে দপ্তর আইনি ভাবেও উপভোক্তাদের পাশে দাঁড়াবে বলে জানান মন্ত্রী। উল্লেখ্য, ৭ সেপ্টেম্বর পর্যন্ত রাজ্য জুড়ে উপভোক্তাদের সচেতন করতে বিভিন্ন কর্মসূচি পালিত হচ্ছে। দপ্তর সূত্রে খবর, উপভোক্তাদের স্বার্থ সুরক্ষিত করতে ‘ই–জাগৃতি’ পোর্টালে মামলা দাখিল করা হচ্ছে বাধ্যতামূলক ভাবে। বিদ্যালয় ও কলেজে উপভোক্তা সঙ্ঘ তৈরি করা হচ্ছে। দপ্তরের নিজস্ব ফেসবুক পেজ থেকেও সতর্ক করা হচ্ছে।

মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা

আজকালের প্রতিবেদন

ইসকনের প্রতিষ্ঠাতা শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ এবং ফুটবলার শৈলেন মান্নাকে শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার ছিল শ্রীল প্রভুপাদের জন্মদিন। মুখ্যমন্ত্রী তাঁকে শ্রদ্ধা জানিয়ে সমাজমাধ্যমে লেখেন, ‘ইসকনের প্রতিষ্ঠাতা আচার্য, বিশ্বব্যাপী ‘হরেকৃষ্ণ’ মন্ত্রের প্রচারক, শ্রীল অভয়চরণারবিন্দ ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদজির ১৩০তম জন্মজয়ন্তীতে আমার সশ্রদ্ধ প্রণাম।’ একই সঙ্গে এদিন ছিল ফুটবলার শৈলেন মান্নার জন্মদিন। তাঁকে শ্রদ্ধা জানিয়ে মুখ্যমন্ত্রী লেখেন, ‘কিংবদন্তি ফুটবলার শৈলেন মান্নার জন্মদিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।’

বালুরঘাটে আজ মুখ্যমন্ত্রী

পবিত্র মোহান্ত

বালুরঘাট, ১ সেপ্টেম্বর

মুখ্যমন্ত্রী হওয়ার পর বুধবার প্রথম বার দক্ষিণ দিনাজপুর জেলায় আসছেন শুভেন্দু অধিকারী। আবহাওয়া প্রতিকূল থাকার আশঙ্কায় তিনি সম্ভবত বাগডোগরা অথবা পূর্ণিয়া নেমে সড়কপথে বালুরঘাটে পৌঁছোবেন। মুখ্যমন্ত্রীর এই সফরকে কেন্দ্র করে বালুরঘাট শহরের বিভিন্ন মোড়ে লাগানো হয়েছে ব্যানার, পোস্টার ও ফ্লেক্স আর স্থানীয় একাধিক সংগঠনের তরফ থেকে মুখ্যমন্ত্রীকে নাগরিক সংবর্ধনা জানানোর প্রস্তুতি নেওয়া হয়েছে।

সফরসূচি অনুযায়ী বালুরঘাটে পৌঁছে মুখ্যমন্ত্রী সোজা যাবেন দক্ষিণ দিনাজপুর জেলা প্রশাসনিক ভবন চত্বরের বালুছায়া হলে। তিনি বালুছায়া হলে জেলার পদস্থ প্রশাসনিক আধিকারিক, স্থানীয় সাংসদ ও বিধায়কদের নিয়ে এক উচ্চপর্যায়ের পর্যালোচনা বৈঠকে বসবেন। বৈঠক শেষে মুখ্যমন্ত্রী যাবেন কেন্দ্রীয় মন্ত্রী, বালুরঘাট লোকসভার সাংসদ ড. সুকান্ত মজুমদারের দীপালি নগরের বাসভবনে এবং সেখানেই সারবেন মধ্যাহ্নভোজ।

বালুরঘাট জেলা হাসপাতাল চত্বরে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ও স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শারদ্বত মুখার্জি প্রস্তাবিত ‘বালুরঘাট মেডিক্যাল কলেজ অ্যান্ড হাসপাতাল’–এর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। মাহিনগর এলাকায় বালুরঘাট বিমানবন্দরে যাবেন মুখ্যমন্ত্রী।

অর্জুন বাহিনীর উদ্বোধনে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নবান্ন সভাঘরের সামনে, মঙ্গলবার। ছবি: অভিজিৎ মণ্ডল

তৈরি অর্জুন বাহিনী

● ১ পাতার পর

কলকাতার জন্য ১০০ জন, পাহাড়ের জন্য ৫০ জন এবং সুন্দরবন এলাকার জন্য ৫০ জওয়ান মোতায়েন থাকছেন। দিঘা, মন্দারমণি, মুকুটমণিপুর, তারাপীঠ এবং তরাই–ডুয়ার্সের মতো পর্যটনকেন্দ্রগুলিতে এই বাহিনী কাজ করবে। তবে ভবিষ্যতে এনডিআরএফের আদলে অত্যাধুনিক প্রযুক্তির সাহায্যে এই বাহিনীকে আরও উন্নত করে তোলা হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

এই বাহিনীর সদস্যদের নাম দেওয়া হয়েছে ‘বীর’। তাঁদের নেতৃত্ব দেবেন ‘বীরনায়ক’রা। ‘বীর’দের মাসিক সাম্মানিক ২৫ হাজার টাকা এবং ‘বীরনায়ক’দের জন্য ৪০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। বিপদসঙ্কুল এলাকায় কাজ করার জন্য এই বাহিনীর সদস্যদের গুরুতর আহত হওয়া বা প্রাণহানির ক্ষেত্রে ১০ লক্ষ টাকা এবং স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে ৫ লক্ষ টাকার বিমা কভারেজ থাকবে।

মুখ্যমন্ত্রী জানিয়েছেন, ২০২৭–এর জানুয়ারি থেকে ভারতীয় সেনার ‘অগ্নিবীর’ থেকে অবসরপ্রাপ্তদের পুলিশ, দমকল, বনবিভাগ ও বিপর্যয় মোকাবিলা দপ্তরে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে। এঁদের জন্য প্রায় ২০ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা থাকছে বলেও জানা গিয়েছে। মুখ্যমন্ত্রী এদিন বলেন, ‘আগের সরকারের আমলে তো আমফানের সময় গাছ সরাতে ওড়িশা থেকে দল আনতে হয়েছে।’ তিনি জানান, তারাতলার দুর্ঘটনা থেকে শিক্ষা নিয়ে এই বাহিনী তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এখন অর্থের কোনও অভাব নেই। কেন্দ্রীয় সরকার পর্যাপ্ত টাকা দিয়ে রেখেছে। সেই অর্থ দিয়ে আধুনিক সরঞ্জাম ও গাড়ি কেনা হবে।

এদিনের অনুষ্ঠানে অর্জুন বাহিনীর কাজের প্রয়োজনে দুটি অ্যাম্বুল্যান্স–সহ ছ’টি গাড়ি দেওয়া হয়। এদিন এই গাড়িগুলির আনুষ্ঠানিক সূচনা করেন মুখ্যমন্ত্রী। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যসচিব মনোজ আগরওয়াল, বিপর্যয় মোকাবিলা দপ্তরের সচিব রাজেশ সিনহা এবং ডিজি (সিভিল ডিফেন্স) সঞ্জয় সিং। দার্জিলিং থেকে ভার্চুয়ালি অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন বিজেপি সাংসদ রাজু বিস্তা।

এখনও পর্যন্ত আয়ুষ্মান প্রকল্পের সুবিধা পেয়েছেন প্রায় ২০ হাজার: মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

এখনও পর্যন্ত রাজ্যের ১৯ হাজার ৭০০ জন আয়ুষ্মান ভারতের সুবিধা পেয়েছেন। তাঁদের মধ্যে ৪৫২ জন অন্য রাজ্যে সুবিধা পেয়েছেন। এই ৪৫২ জন পশ্চিমবঙ্গের বাসিন্দা। কিন্তু তাঁরা ওড়িশা, ঝাড়খণ্ড, মহারাষ্ট্র মতো জায়গায় আয়ুষ্মান ভারতের সুবিধা পেয়েছেন বলে মঙ্গলবার স্বাস্থ্যভবনে সাংবাদিক বৈঠকে জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

১৬ আগস্ট রাজ্যে আয়ুষ্মান ভারত ও মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বিমা যোজনা চালু করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। যদিও সবাই এখনও কার্ড পাননি। নির্দিষ্ট প্রক্রিয়ার মধ্যে আছে। মুখ্যমন্ত্রী এদিন সাংবাদিক বৈঠকে বলেন, ‘আমি ১০০ জনের সঙ্গে কথা বলতে চেয়েছিলাম। ৬–৭ জনের সঙ্গে ভার্চুয়ালি কথা বলেছি। কালিম্পং, দক্ষিণ ২৪ পরগনা, নদিয়া, পূর্ব মেদিনীপুর, বীরভূম, হুগলি ইত্যাদি। সব রোগীই ভাল আছেন। তাঁরা আনন্দের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ও আমাদের ধন্যবাদ জানিয়েছেন। এটা আমাদের সবচেয়ে বড় পাওয়া। ডিসান হাসপাতালে সোনারপুরের গোপাল মণ্ডল ১ লক্ষ ৬৪ হাজার দিয়ে হার্টের চিকিৎসা আয়ুষ্মান ভারতে করিয়েছেন। তিনি সুস্থ আছেন। দেখে ভাল লাগল। বীরভূমের ফারহান আলি ৪ বছরের শিশু। ৫০ হাজার টাকায় চিকিৎসা হয়েছে। ওর বাবা আসগার আলি প্রধানমন্ত্রীকে আর্শীবাদ দিলেন। আমি বললাম, ভুল ভাঙা উচিত। সরকার ধর্ম, বর্ণ, দল দেখে নয়, সবার জন্য কাজ করে। সবার পাশে আছে। স্বাস্থ্যভবন থেকে ভাল অভিজ্ঞতা হয়েছে। সারা ভারতে জনপ্রিয় আয়ুষ্মান ভারত। ৮ হাজার বেসরকারি হাসপাতাল নথিভুক্ত।’ আয়ুষ্মান ভারত প্রকল্পে পশ্চিমবঙ্গ টিয়ার থ্রিতে রয়েছে। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, ‘গ্রেড ওয়ান শুধু দিল্লিতে আছে। আমি স্বাস্থ্যসচিবের সঙ্গে কথা বলেছি। আমি নাড্ডাজিকে চিঠি লিখব, যাতে রেটটা দিল্লির বরাবর হয়ে যায়।’

দখল বিজ্ঞপ্তি

এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড
CIN: U67100MH2007PLC174759
রিটেল সেন্ট্রাল ও রেজিস্টার্ড অফিস: এডেলওয়েইস হাউস, সিএসটি রোডের ওপর, কলিনা, মুম্বই– ৪০০০৯৮

(পরিশিষ্ট–IV) [রুল–৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, এখানে নীচে উল্লিখিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর (রুল ৩)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (অ্যাক্ট), ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতাগণের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
পরবর্তীতে এখানে নীচে উল্লিখিত ভারার্পণকারী ভারার্পণ চুক্তির মাধ্যমে এখানে নীচে উল্লিখিত বিবিধ ট্রাস্টের ট্রাস্টি রূপে/নিজ (এখানে এর পরে ‘ইএআরসি’ হিসেবে উল্লিখিত) ক্ষমতাবলে কার্য করার জন্য উক্ত আর্থিক পরিসম্পদগুলি **এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড**–এর প্রতি হস্তান্তর করেছে। উক্ত ভারার্পণ চুক্তির প্রেক্ষিতে, সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ৫ নং ধারাধীনে ইএআরসি উক্ত ভারার্পণকারীর স্থলাভিষিক্ত হয়েছে এবং জামিনস্বার্থ, গ্যারান্টি, বন্ধকি সমেত সুরক্ষিত ঋণদাতার থেকে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার তরফে গৃহীত আর্থিক সহায়তার প্রেক্ষিতে উক্ত আর্থিক পরিসম্পদগুলির ওপর যাবতীয় অধিকার, স্বত্ব ও স্বার্থ **ইএআরসি**–এর ওপর বর্তেছে এবং এবং সুরক্ষিত ঋণদাতা রূপে ইএআরসি তার যাবতীয় অধিকার প্রয়োগ করছে।
উক্ত ঋণগ্রহীতাগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা(গণ) ও জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণের নামের পাশে উল্লিখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তিগুলির দখল নিয়েছেন।

ক্রম নং	ভারার্পণকারীর নাম	ট্রাস্টের নাম	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা ও সহ–ঋণগ্রহীতার নাম	দাবিকৃত অর্থাঙ্ক ও দাবি বিজ্ঞপ্তির তারিখ	দখলের তারিখ	দখলের প্রকৃতি
১	এইচডিবি ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	ইএআরসি ট্রাস্ট এসসি–৩৭৫	১৭২৫৪০৬	১) অ্যাট ডোর স্টেপ (ঋণগ্রহীতা) ২) বর্ণালী দে এবং শুভ্র চক্রবর্তী (সহ–ঋণগ্রহীতা)	₹১,০৭,২৬,৩৩৯.৩৭ এবং ১৫.০৯.২০২০	৩১.০৮.২০২৬	বাস্তবিক দখল

সম্পত্তির বিবরণ: সমগ্র জমির পরিমাপ সামান্য কমবেশি ৩ কাঠা, ৪ ছটাক এবং ১২ বর্গফুট এবং সাথে এর উপর অবস্থিত কাঠামো যার পরিমাপ গ্রাউন্ড ফ্লোরে প্রায় ১২০০ বর্গফুট, ফার্স্ট ফ্লোরে ১১২৫ বর্গফুট এবং সেকেন্ড ফ্লোরে ২৫০ বর্গফুট, মোট ২৫৭৫ বর্গফুট, যা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার অন্তর্গত মিউনিসিপ্যাল ওয়ার্ড নং ১০২–এর অধীনে দক্ষিণ ২৪ পরগনা জেলায় থানা যাদবপুর–এর অন্তর্গত মৌজা বাদেরায়পুরে তৌজি নং ১৫১, আর এস নং ২১, জে এল নং ৩৪, খতিয়ান নং ৬৭ এবং ৩৪১–এর অধীনে নং ৬৫৪–এর অংশ হিসাবে অবস্থিত। প্রেমিসেস নং– ৩৯ সাউথ পার্ক ওয়েস্ট রাজাপুর, ওয়ার্ড নং ১০২ দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা, শহর: কলকাতা রাজ্য: পশ্চিমবঙ্গ পিনকোড: ৭০০০৯২।

উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে। বিশেষত উক্ত ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উপরিলিখিত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্যে সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওপরে উল্লিখিত অর্থাঙ্ক এবং এর ওপর সুদ সমেত **এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।

স্থান: কলকাতা
তারিখ: ০২.০৯.২০২৬

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড

Edelweiss
Asset Reconstruction

ইংডিয়ন बैंक Indian Bank
इलाहाबाद ALLAHABAD

জোনাল অফিস, কলকাতা নর্থ
প্লট নং ৩৭৭ ও ৩৭৮, ব্লক– জিডি,
সেক্টর–III, সল্ট লেক, কলকাতা–৭০০১০৬

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে লেখা ঋণগ্রহীতাগণের প্রতি নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে লেখা তারিখে নীচে বর্ণিত সম্পত্তি(গুলি)র দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নলিখিত সম্পত্তি(গুলি) নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং এই সম্পত্তি(গুলি) নিয়ে যে কোনও ধরনের লেনদেন নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে লেখা অর্থাঙ্ক এবং এর ওপর সুদ ও অন্যান্য চার্জ সমেত ইন্ডিয়ান ব্যাঙ্ক–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
“সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারা ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোয় আপনাদের অধিকারের প্রতি আমরা আপনাদের মনোযোগ আকর্ষণ করছি।”

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা এবং শাখার নাম	দায়বদ্ধ / বন্ধকি সম্পত্তির বিবরণ	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখল বিজ্ঞপ্তির তারিখ গ) দাবি বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক
মিঃ প্রসেনজিৎ পরাই এবং মিসেস পাপিয়া বাজানি **শাখা: উলুবেড়িয়া**	দোতলা আবাসবাড়ি সমেত সামান্য কমবেশি ৭.০০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: গ্রাম ও মৌজা– গোবিন্দপুর, জে আর নং ৭৬, প্লট নং ৫৫৭, আর এস খতিয়ান নং ৫৪৪, এল আর খতিয়ান নং ২৫০৪ ও ২৫০৭, খাড়ুরবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, থানা– শ্যামপুর, পোঃঅঃ– খাড়ুরবেড়িয়া, জেলা– হাওড়া, পিন–৭১১৩১৪, এডিএসআর–২, হাওড়া–এর অধিক্ষেত্রাধীন, ২০১৯ সালে রেজিস্টার্ড দলিল নং ০৫১৩০২২৯৩ অনুযায়ী। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– দাগ নং ৫৫৭; **দক্ষিণ**– গ্রামের ১০ ফুট চওড়া রাস্তা; **পূর্ব**– প্রদীপ দাসের সম্পত্তি; **পশ্চিম**– ৭ ফুট চওড়া রাস্তা। **সম্পত্তির স্বত্বধারক: শ্রী প্রসেনজিৎ পরাই, পিতা– গুণধর পরাই এবং শ্রীমতী পাপিয়া বাজানি, স্বামী– প্রসেনজিৎ পরাই।**	**ক) ১০.০৬.২০২৬** **খ) ২৬.০৮.২০২৬** **গ) ₹৩৩,৫৮,৯৮৬.০০** (তেত্রিশ লক্ষ আটান্ন হাজার নশো ছিয়াশি টাকা মাত্র), ১০.০৬.২০২৬ অনুযায়ী, তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ
প্রয়াত জাহানারা খাতুন (মৃত), স্বামী– প্রয়াত আশনবি মল্লিক **প্রতিনিধিত্ব করছেন তাঁর আইনি উত্তরাধিকারীগণ** **১. জহিরুল আলম মল্লিক** **২. জিয়ারুল আলম মল্লিক** **৩. জামিউস শরিয়ত মল্লিক এবং** **জমিউস সরিয়ত মল্লিক ও আনিসুর রহমান মল্লিক** **শাখা: উলুবেড়িয়া**	সামান্য কমবেশি ৪.৫০ শতক বাস্তু জমি ও এর উপরিস্থিত বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: সাবেক খতিয়ান নং ৩৯৫, হাল খতিয়ান নং ১২৬১, সাবেক দাগ নং ৬২১, হাল দাগ নং ৬২২, মৌজা– কালীনগর, জে এল নং ১১১, থানা– উলুবেড়িয়া, জেলা– হাওড়া। ২০১০ সালের স্বত্বদলিল নং I–৫৬৮ অনুযায়ী। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– অন্যের সম্পত্তি; **দক্ষিণ**– রাস্তা; **পূর্ব**– কারিগর পাড়ার মসজিদ; **পশ্চিম**– আমজাদ মল্লিকের সম্পত্তি। **সম্পত্তির স্বত্বধারক: প্রয়াত জাহানারা খাতুন (মৃত), স্বামী– প্রয়াত আশনবি মল্লিক, প্রতিনিধিত্ব করছেন তাঁর আইনি উত্তরাধিকারীগণ: (১) জহিরুল আলম মল্লিক, (২) জিয়ারুল আলম মল্লিক, (৩) জামিউস শরিয়ত মল্লিক, সকলের পিতা– প্রয়াত আশনবি মল্লিক এবং প্রয়াত জাহানারা খাতুন।**	**ক) ২৩.০২.২০২৬** **খ) ২৬.০৮.২০২৬** **গ) ₹১৮,৪৬,১৪৭.০০** (আঠারো লক্ষ ছেচল্লিশ হাজার একশো সাতচল্লিশ টাকা মাত্র), ২৩.০২.২০২৬ অনুযায়ী, তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ

তারিখ: ২৬.০৮.২০২৬; স্থান: কলকাতা

অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক

TATA
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ১১, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক,
গণপত রাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০০১৩
শাখার ঠিকানা: বি–৩৬, ফার্স্ট ও সেকেন্ড ফ্লোর, এইচডিএফসি ব্যাঙ্কের উপরে,
লাজপত নগর ২, নিউ দিল্লি ১১০০২৪

লোন অ্যাকাউন্ট নং: TCHHL0582000100285120 ও TCHIN0582000100292393

যেহেতু, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতাগণ যোগেশ মণ্ডল ও গীতা রানি মণ্ডল–এর প্রতি ০৩.১১.২০২৫ তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে ওই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে লোন অ্যাকাউন্টের দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, ₹১৮,৭৭,৯৮২/– (আঠারো লক্ষ সাতাত্তর হাজার নশো বিরাশি টাকা মাত্র), **তৎসহ সুদ, পেনাল সুদ, চার্জ, মাসুল ইত্যাদি পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে ২৮ আগস্ট, ২০২৬ তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।**
ঋণগ্রহীতা ওই দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সারফায়েসি অ্যাক্টের ১৪ নং ধারাধীনে ২৭.০৭.২০২৬ তারিখের বিবিধ মামলা নং ৩২৯/২০২৬–এর প্রেক্ষিতে মহামান্য অ্যাডিশনাল চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দক্ষিণ ২৪ পরগনা, আলিপুর দ্বারা জারিকৃত আদেশ মোতাবেক কোর্ট কমিশনার রূপে দায়িত্বপ্রাপ্ত কোর্ট বেইলিফ তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন এবং **২৮ আগস্ট, ২০২৬ তারিখে সেই দখল টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারীর কাছে অর্পণ করেছেন।**
বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে–কোনও ধরনের লেনদেন **₹১৮,৭৭,৯৮২/–** (আঠারো লক্ষ সাতাত্তর হাজার নশো বিরাশি টাকা মাত্র), **তৎসহ ০৩.১১.২০২৫ থেকে সুদ, পেনাল সুদ, চার্জ, মাশুল ইত্যাদি সমেত টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

কমবেশি ১ কাঠা, ১২ ছটাক জমির উপর নির্মিত বিল্ডিংয়ের ফার্স্ট ফ্লোরে, দক্ষিণ পূর্ব দিকে স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের সমগ্র, সুপার বিল্ট আপ এরিয়া ৫৩০ বর্গফুট, মৌজা বাদেমাসুর, গভঃ ইপি নং ৮৮, এসপি নং ৬০৭/১, সি এস প্লট নং ১৫০ (অংশ), জে এল নং ৩১, **প্রেমিসেস নং ৫৪, বাঘাযতীন, জি ব্লক, পোঃ বাঘাযতীন, থানা পাটুলি, ওয়ার্ড নং ১০১, কলকাতা ৭০০০৮৬, জেলা দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ।**

তারিখ: ২৮.০৮.২০২৬
স্থান: কলকাতা, পশ্চিমবঙ্গ

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর পক্ষে

TATA
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ১১, টাওয়ার ‘এ’, পেনিনসুলা বিজনেস পার্ক,
গণপত রাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০০১৩
শাখার ঠিকানা: বি–৩৬, ফার্স্ট ও সেকেন্ড ফ্লোর, এইচডিএফসি ব্যাঙ্কের উপরে, লাজপত নগর ২, নিউ দিল্লি ১১০০২৪

লোন অ্যাকাউন্ট নং: TCHHL0582000100317381 ও TCHIN0582000100323171

যেহেতু, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতাগণ মুক্তিপদ ভট্টাচার্য ও সুনীতা ভট্টাচার্য–এর প্রতি ০৩.১০.২০২৫ তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে ওই বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে লোন অ্যাকাউন্টের দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, ₹১০,৬৭,৮৪৭/– (দশ লক্ষ সাতষট্টি হাজার আটশো সাতচল্লিশ টাকা মাত্র), **তৎসহ সুদ, পেনাল সুদ, চার্জ, মাসুল ইত্যাদি পরিশোধের জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতাগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে ২৯ আগস্ট, ২০২৬ তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।**
ঋণগ্রহীতা ওই দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সারফায়েসি অ্যাক্টের ১৪ নং ধারাধীনে ২৭.০৭.২০২৬ তারিখের বিবিধ মামলা নং ৩২৮/২০২৬–এর প্রেক্ষিতে মহামান্য অ্যাডিশনাল চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দক্ষিণ ২৪ পরগনা, আলিপুর দ্বারা জারিকৃত আদেশ মোতাবেক কোর্ট কমিশনার রূপে দায়িত্বপ্রাপ্ত কোর্ট বেইলিফ তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন এবং ২৯ আগস্ট, ২০২৬ তারিখে সেই দখল **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারীর কাছে অর্পণ করেছেন।**
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে–কোনও ধরনের লেনদেন **₹১০,৬৭,৮৪৭/– (দশ লক্ষ সাতষট্টি হাজার আটশো সাতচল্লিশ টাকা মাত্র), তৎসহ ০৩.১০.২০২৫ থেকে সুদ, পেনাল সুদ, চার্জ, মাশুল ইত্যাদি সমেত টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে। উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।**

স্থাবর সম্পত্তির বিবরণ

সামান্য কমবেশি ১ কাঠা, ১ ছটাক, ২৩ বর্গফুট জমির প্লটের উপর নির্মিত বিল্ডিংয়ের থার্ড ফ্লোরের পিছন দিকে ৪০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়ার আবাসিক ফ্ল্যাট নং ০৫ এর সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা চকমাসুর, জে এল নং ৩০, আর এস নং ২১ ১/২, তৌজি নং ১৫১, সি এস খতিয়ান নং ১, আর এস খতিয়ান নং ৩৪, সি এস প্লট নং ৫৩, আর এস প্লট নং ৬২, প্রেমিসেস নং ৪২৫/১, বাঘাযতীন প্লেস এবং পোস্টাল ঠিকানা: ১৭/১এ, বিপ্লবী উল্লাসকর দত্ত রোড, পোঃ বাঘাযতীন, থানা পাটুলি (পূর্বের যাদবপুর), কলকাতা–৭০০০৮৬, **কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ১০১, জেলা দক্ষিণ ২৪ পরগনা।**

তারিখ: ২৯.০৮.২০২৬
স্থান: কলকাতা, পশ্চিমবঙ্গ

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড–এর পক্ষে

ইংডিয়ন बैंक Indian Bank
इलाहाबाद ALLAHABAD

দাবি বিজ্ঞপ্তি

জোনাল অফিস: বারাসত
৫৪, কেএনসি রোড, বারাসত, পশ্চিমবঙ্গ, পিন– ৭০০১২৪

[সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট নং ২/২০০২)–এর ১৩(৩) ও ১৩(৮) নং ধারা–সহ পঠনীয় ১৩(২) ধারাধীনে বিজ্ঞপ্তি]

গৃহীত ঋণের প্রেক্ষিতে এবং সংশ্লিষ্ট ঋণ অ্যাকাউন্টগুলি এনপিএ হওয়ায় নিম্নলিখিত ঋণগ্রহীতা/ জামিনদারগণের প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল যার মাধ্যমে ব্যাঙ্কের পাওনা অর্থাঙ্ক পরিশোধে তাঁদের ৬০ দিনের সময়সীমা দেওয়া হয়েছিল। বিজ্ঞপ্তি(গুলি) প্রেরিত হলেও প্রাপ্তিস্বীকারপত্র এখনও আমাদের কাছে এসে পৌঁছয়নি। নির্ধারিত ৬০ দিনের মধ্যে যাবতীয় অনাদায়ী বকেয়া পরিশোধে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদারের ব্যর্থতার ক্ষেত্রে নিম্নবর্ণিত সুরক্ষিত পরিসম্পদগুলির দখল নেওয়ায় আমাদের আগ্রহের কথাও উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ছিল।

এতদ্দ্বারা সারফায়েসি অ্যাক্টের অধীনে পরবর্তী পদক্ষেপ গ্রহণ এড়াতে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে অনাদায়ী বকেয়া পরিশোধের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/জামিনদারগণের প্রতি প্রজ্ঞাপন জারি করা হচ্ছে। আমাদের অফিসে থাকা বিশদ বিজ্ঞপ্তি সংগ্রহের জন্যও তাঁদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে।

ক্রম নং	ক) ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদারের নাম ও ঠিকানা খ) শাখার নাম	সুরক্ষিত পরিসম্পদের বিবরণ	ক) এনপিএর তারিখ খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) বকেয়া অর্থাঙ্ক
১	ক) **১. মিঃ সুশোভন কোলে (ঋণগ্রহীতা/ বন্ধকদাতা)** পিতা– প্রদীপ কোলে, ২৯০, দক্ষিণ পাড়া রোড, বাগুইআটি, কলকাতা– ৭০০০৫৫ **এবং এছাড়াও** ফ্ল্যাট নং ২০১, ২ নং ফ্লোর হোল্ডিং নং ১১৭/১, কবি ভারত চন্দ্র রোড, কলকাতা– ৭০০০২৮ **২. মিসেস মনিকা কোলে (ঋণগ্রহীতা/ বন্ধকদাতা)** স্বামী– প্রদীপ কোলে, ২৯০, দক্ষিণ পাড়া রোড, বাগুইআটি, কলকাতা– ৭০০০৫৫ **এবং এছাড়াও** ফ্ল্যাট নং ২০১, ২ নং ফ্লোর হোল্ডিং নং ১১৭/১, কবি ভারত চন্দ্র রোড, কলকাতা– ৭০০০২৮ **খ) দমদম পার্ক ব্রাঞ্চ**	সামান্য কমবেশি ৯৭৫ বর্গফুটের সুপার বিল্ট আপ এরিয়া পরিমাপের উত্তর পূর্ব অংশে ২ নং ফ্লোরে অবস্থিত একটি স্বয়ংসম্পূর্ণ এবং স্বাধীন আবাসিক ফ্ল্যাট নং ২০১, যার মধ্যে রয়েছে ২টি বেডরুম, ১টি লিভিং কাম ডাইনিং রুম, ১টি রান্নাঘর, ২টি শৌচালয় এবং ১টি ব্যালকনি এবং টাইলস মেঝে এবং লিফট সুবিধা সহ আবাসিক অ্যাপার্টমেন্টটি অবস্থিত মৌজা– সাতগাছি, জে. এল. নং ২০, আর. এস. নং ১৫৪, তৌজি নং ১৮২, দাগ নং ১১৯৭, এল. আর. দাগ নং ৩৭১০–এ অন্তর্ভুক্ত, খতিয়ান নং ৫৭৫, ৫৭৬, এল. আর. খতিয়ান নং ৭৬৩৮, ৭৬৩৭, ৭৬৩১–এর অধীনে হোল্ডিং নং ১১৭/১, কবি ভারত চন্দ্র রোড, কলকাতা– ৭০০০২৮, ওয়ার্ড নং ২৬ দম দম থানার এখতিয়ারের মধ্যে, উত্তর ২৪ পর না জেলার এডিএসআরও, কাশীপুর দম দম–এর অধীনে দক্ষিণ দমদম পুরসভার স্থানীয় সীমার মধ্যে। স্বত্ব দলিল: ২০২৩–এর I–১১৫২২। বিল্ডিংয়ের সীমানা : উত্তর– ২০ ফুট চওড়া পৌরসভা রাস্তা, দক্ষিণ– শ্রী গৌরাঙ্গ চন্দ্র সাহার প্লট, পূর্ব– ১২ ফুট পৌরসভা রাস্তা, পশ্চিম– শ্রী সুবীর রাহার প্লট। **CERSAI ID : 400074828021**।	ক) ০৩.০৭.২০২৬ খ) ১০.০৭.২০২৬ গ) ০৮.০৭.২০২৬ তারিখ অনুযায়ী ₹২৯,০৭,৩৯০.০০ (উনত্রিশ লক্ষ সাত হাজার তিনশো নব্বই টাকা মাত্র), এর সাথে ০৯.০৭.২০২৬ থেকে সুদ এবং অন্যান্য চার্জ

তারিখ: ০২.০৯.২০২৬
স্থান: বারাসত

অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক

SBI
স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ–II, কলকাতা
জীবনদীপ বিল্ডিং, ১০ নং ফ্লোর, ১, মিডলটন স্ট্রিট
কলকাতা–৭০০০৭১; ই–মেল: clo4.samb2kol@sbi.co.in

ই–নিলাম বিজ্ঞপ্তি

অনুমোদিত আধিকারিক সম্পর্কিত তথ্য: নাম– শ্রী রাজেশ চট্টোপাধ্যায়, ই–মেল: clo4.samb2kol@sbi.co.in, মোবাইল: ৯৬৭৪৭ ১০৬২৩, সিও: সুস্মিতা পাইক, মোবাইল: ৯১২৩৮ ৫৪৩২০

পরিশিষ্ট–IV-A [রুল রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ১৮.০৯.২০২৬
সময়সীমা: সকাল ১১টা থেকে বিকেল ৪টে, প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া,** সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা / দায়বদ্ধ করা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন এবং **ঋণগ্রহীতা: মেসার্স ডেকান ট্রেডকম প্রাইভেট লিমিটেড,** রেজিস্টার্ড অফিস: পি–২৪৫, সিআইটি রোড, স্কিম VI-M, কলকাতা–৭০০০৫৪, পশ্চিমবঙ্গ এবং এর **জামিনদারগণ: (১) শ্রী অনুজ কুমার রুংতা,** নিবাস: পি–১৫০এ, সিআইটি রোড, স্কিম VI-M, কলকাতা–৭০০০৫৪; **(২) শ্রী আলোক কুমার পোদ্দার,** নিবাস: ১২, বাঙ্গুর অ্যাভিনিউ, ব্লক ‘সি’, লেক টাউন, কলকাতা–৭০০০৫৫ এবং **কর্পোরেট জামিনদার: মেসার্স শিবজটা কমোট্রেড প্রাইভেট লিমিটেড,** রেজিস্টার্ড অফিস: পি–২৪৫, সিআইটি রোড, স্কিম VI-M, কলকাতা–৭০০০৫৪, পশ্চিমবঙ্গ ও **কর্পোরেট জামিনদার: মেসার্স পঞ্চধন প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড,** পি–৭০, সিআইটি রোড, স্কিম VI-M, কলকাতা–৭০০০৫৪–এর থেকে **১০.০৩.২০১৫** তারিখের ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ **₹২৭,০২,৪৫,০২৭.০০** (সাতাশ কোটি দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতাশ টাকা মাত্র), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও মাশুল পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত সম্পত্তিগুলি **১৮.০৯.২০২৬** তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।
সম্পত্তির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) নীচে দেওয়া হল:

ক্রম নং	স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	ই–নিলাম সম্পর্কিত তথ্য
১.	জি+৫ তলবিশিষ্ট বাণিজ্যিক ভবনের ১ নং ব্লকে দক্ষিণ দিক অভিমুখী সম্পূর্ণ ৩ নং ফ্লোরের বাণিজ্যিক স্পেস যার সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৪৬৪৬ বর্গফুট বা ৪৩১.৮৬ বর্গমিটার, যার অবস্থান: লক্ষ্মীগঞ্জ বাজার, মৌজা– চন্দননগর, শিট নং ৮, জে এল নং ১, আর এস খতিয়ান নং ১৬৯, ১৭০, ১৭৮, আর এস দাগ নং ২৩৯, ২৪০, ২৫২, সম্পর্কিত এল আর খতিয়ান নং ৫০৫ ও ৫১০, এল আর দাগ নং ৩১৮, ৩১৯, ৩২০, ৩২১, ৩২২, চন্দননগর পুরসভার ১১ নং (নতুন)/ ৭ নং (পুরনো) ওয়ার্ডের অন্তর্গত, হোল্ডিং নং– পুরনো নং ৭, নতুন নং ২৪২, থানা– চন্দননগর, জি টি রোড সংলগ্ন, হুগলি, পশ্চিমবঙ্গ। ২০১৩ সালের দলিল নং ০১৮৬৮ অনুযায়ী **সম্পত্তির মালিকানা মেসার্স শিবজটা কমোট্রেড প্রাইভেট লিমিটেডের নামে। পুরো সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– পুরসভার গলি এবং অন্যের সম্পত্তি; দক্ষিণ– জি টি রোড এবং অন্যের সম্পত্তি; পূর্ব– অন্যের সম্পত্তি; পশ্চিম– অন্যের সম্পত্তি।	**১. সংরক্ষণ মূল্য: ₹৯১,০০,০০০.০০** **২. ইএমডি: ₹৯,১০,০০০.০০** **৩. বিড গুণক: ₹১,০০,০০০.০০** **৪. দায় সম্পর্কিত তথ্য: সোসাইটির বকেয়া, বিদ্যুৎ বিল, হোল্ডিং কর ইত্যাদি** **৫. পরিদর্শনের তারিখ ও সময়: ১০.০৯.২০২৬, সকাল ১১টা থেকে দুপুর ৩টে** **৬. প্রপার্টি আইডি: SBINDECCAN3** **দখলের প্রকৃতি: বাস্তবিক দখল**
২.	জি+৫ তলবিশিষ্ট বাণিজ্যিক ভবনের ১ নং ব্লকে দক্ষিণ দিক অভিমুখী সম্পূর্ণ ৪ নং ফ্লোরের বাণিজ্যিক স্পেস যার সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৪৬৪৬ বর্গফুট বা ৪৩১.৮৬ বর্গমিটার, যার অবস্থান: লক্ষ্মীগঞ্জ বাজার, মৌজা– চন্দননগর, শিট নং ৮, জে এল নং ১, আর এস খতিয়ান নং ১৬৯, ১৭০, ১৭৮, আর এস দাগ নং ২৩৯, ২৪০, ২৫২, সম্পর্কিত এল আর খতিয়ান নং ৫০৫ ও ৫১০, এল আর দাগ নং ৩১৮, ৩১৯, ৩২০, ৩২১, ৩২২, চন্দননগর পুরসভার ১১ নং (নতুন)/ ৭ নং (পুরনো) ওয়ার্ডের অন্তর্গত, হোল্ডিং নং– পুরনো নং ৭, নতুন নং ২৪২, থানা– চন্দননগর, জি টি রোড সংলগ্ন, হুগলি, পশ্চিমবঙ্গ। ২০১৩ সালের দলিল নং ০১৮৬৭ অনুযায়ী **সম্পত্তির মালিকানা মেসার্স শিবজটা কমোট্রেড প্রাইভেট লিমিটেডের নামে। পুরো সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর– পুরসভার গলি এবং অন্যের সম্পত্তি; দক্ষিণ– জি টি রোড এবং অন্যের সম্পত্তি; পূর্ব– অন্যের সম্পত্তি; পশ্চিম– অন্যের সম্পত্তি।	**১. সংরক্ষণ মূল্য: ₹৯১,০০,০০০.০০** **২. ইএমডি: ₹৯,১০,০০০.০০** **৩. বিড গুণক: ₹১,০০,০০০.০০** **৪. দায় সম্পর্কিত তথ্য: সোসাইটির বকেয়া, বিদ্যুৎ বিল, হোল্ডিং কর ইত্যাদি** **৫. পরিদর্শনের তারিখ ও সময়: ১০.০৯.২০২৬, সকাল ১১টা থেকে দুপুর ৩টে** **৬. প্রপার্টি আইডি: SBINDECCAN4** **দখলের প্রকৃতি: বাস্তবিক দখল**

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট অর্থাৎ, https://sbi.co.in এবং https://baanknet.com/eauction-psb/x-login দেখুন।

তারিখ: ০২.০৯.২০২৬
স্থান: কলকাতা

কোনও বিবাদের ক্ষেত্রে ইংরেজি মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তি বৈধ হবে।

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া